



দৈনিক
ইত্তেফাক

তারিখ . 11 3 NOV.. 2015.
পৃষ্ঠা . ১ . কলাম . ৩ .

শিক্ষা ফাঁস : চাই আইনের কঠোরতা

প্রশ্নপত্র ফাঁস রোধে আইনের প্রয়োগ কালো কালিতে লিপিবদ্ধ 'সাদা কাগজের' ফ্রেমেই সীমাবদ্ধ। কেননা আইন প্রণয়নের ৩৫ বছরেও একজন অপরাধীর শাস্তির বিধান নিশ্চিত করা যায়নি। আটক পর্যন্ত সীমাবদ্ধ রয়েছে আইনে। বাস্তবায়ন হয়নি ফাঁসের পর গঠিত তদন্ত কমিটির অধিকাংশ সুপারিশ। কোনো কোনো ক্ষেত্রে কমিটি গঠন পর্যন্ত পরিসমাপ্তি। প্রশ্নফাঁস প্রতিরোধে আইনের কঠোরতার প্রাণপাত নৈতিক মূল্যবোধ জাগ্রত করার বিকল্প নেই। আব্রাহাম লিংকন শত বছর আগে সন্তানের কল্যাণে শিক্ষকের কাছে চিঠিতে লিখেছিলেন— 'আমার সন্তানকে শেখাবেন অসং উপায় অবলম্বনে পাস করার চেয়ে অকৃতকার্য হওয়াটা বেশি' সন্মানের।' আমাদের শিক্ষার্থী আর অভিভাবক মহল, যদি যথার্থ জ্ঞানানুশীলনের মধ্য দিয়ে বিবেকবোধকে জাগ্রত করে তবেই এ জাতি শিক্ষারারতাকে ধ্বংসকারী এ কুপ্রথা থেকে রক্ষা পাবে। কিন্তু নীতিকথার আলোকে যাদের বিবেককে জাগানো সম্ভব নয়, তাদের জন্য চাই আইনের আরো কঠোরতার সঙ্গে বাস্তবায়নের নিশ্চয়তা।

মো. রোদোয়ান হোসেন;
বসবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টাঙ্গাইল